[redacted]

[redacted]

[redacted]

একাধিক মামলা বিচারাধীন আছে বলে ডিবি জানিয়েছে।

মুজিবনগরে উপজেলা আওয়ামী লীগের সংবাদ সম্মেলন

উপজেলা আওয়ামী লীগের সভাপতিকে বাদ দিয়ে কমীর্ সমাবেশ করায় জেলা আওয়ামী লীগের সভাপতি ফরহাদ হোসেন এমপি ও উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আমাম হোসেন মিলুর বিরুদ্ধে সংবাদ সম্মেলন করেছে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগ।

সোমবার দুপুরে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের কাযার্লয়ে এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। সংবাদ সম্মেলনে বক্তব্য দেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও মুজিবনগর উপজেলা চেয়ারম্যান জিয়া উদ্দিন আহমেদ বিশ্বাস , সহসভাপতি ও মুজিবনগর উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা , মহাজনপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি রেজাউর রহমান নান্নু , মোনাখালী ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক জামাত আলী , বাগোয়ন ইউনিয়ন আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক কুতুব উদ্দিন।

সংবাদ সম্মেলনে উপজেলা আওয়ামী লীগের সভাপতি জিয়া উদ্দিন আহমেদ বিশ্বাস বলেন , বঙ্গবন্ধুর হাতে গড়া দল আওয়ামী লীগের সাথে দীর্ঘদিন ধরে সম্পৃক্ত। আমি ২২ বছর মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নে চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করেছি। ২০০২ সাল থেকে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতির দায়িত্ব পালন করছি। ২০১৯ সালের উপজেলা পরিষদ নির্বাচনে আওয়ামী লীগের মনোনিত হয়ে চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করছি। মুজিনগরে আওয়ামী লীগের বিভিন্ন কর্মসূচী আমার নেতৃত্বেই পরিচালিত হয়ে আসছে। গত ২৯ আগস্ট রবিবার মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের ব্যানার ব্যবহার করে কমীর্ সমাবেশ করা হয়েছে। যে কর্মী সমাবেশে জেলা আওয়ামী লীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। কিন্তু উপজেলা আওয়ামী লীগের সভাপতি হিসেবে দলীয়ভাবে আমাকে অবহিত করা হয়নি। দলের সভাপতিকে বাদ দিয়ে কিভাবে

কমীর্ সমাবেশ হয় তা আমার বোধগম্য নয়। এটি একটি দলীয় শৃঙ্খলা ভঙ্গের শামিল।

সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি বলেন, জেলা আওয়ামী লীগের সভাপতি ফরহাদ হোসেন এমপি মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আমাম হোসেন মিলুসহ গুটিকতক নেতাকর্মী নিয়ে জেলা আওয়ামী লীগের রাজনীতি করছেন। দলকে কোন্দলের মুখে ঠেলে দিচ্ছেন। জেলা আওয়ামী লীগের একজন সদস্য হিসেবে বলতে পারি, প্রায় তিন বছর কোন মিটিং হয়েছে কিনা জানিনা। এমতাবস্থায় বাংলাদেশ আওয়ামী লীগের সভানেত্রী জননেত্রী শেখ হাসিনার হস্তক্ষেপ ছাড়া এ কোন্দল মেটানো সম্ভব নয়।

মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সহসভাপতি রফিকুল ইসলামসহ অন্যান্য নেতৃবন্দ জেলা আওয়ামী লীগের সভাপতি পদ থেকে ফরহাদ হোসেন ও মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আমাম হোসেন মিলু অপসারণ দাবি করেছেন।

সংবাদ সম্মেলন উপজেলা আওয়ামী লীগ, উপজেলা যুবলীগ, উপজেলা স্বেচ্ছাসেবক লীগ ও চার ইউনিয়নের নেতাকমীর্রা উপস্থিত ছিলেন।

ফ্রি ফায়ার,পাবজিতে ধ্বংস হচ্ছে কিশোর-তরুণরা

মেহেরপুর জেলা শহর থেকে ৭ কিঃ মিঃ দূরে খোকসা গ্রাম। এই গ্রামের কদমতলা পাড়ার ব্রীজে বিকেল ৫ টার পর শুরু হয় কিশোর দের জটলা। সবার হাতেই মোবাইল ফোন আর তাদের মুখে নতুন নতুন শব্দ। “ ডানে বামে মার মার গুলু ওয়াল, এনিমি,রিভাইব দে ভাই, “বিকেল বেলা যখন মাঠে খেলার কথা সেই মাঠে এখন মোবাইল হাতে তাদের দুই আঙ্গুল দিয়ে চলছে ঝড়ের গতি। গ্রামের অষ্টম শ্রেণীর ছাত্র বেল্টু জানায়, স্কুল খোলা না থাকায় বিকেলের অবসর সময়ে তারা খেলছে। তাদের সাথে কথা বলার সময় ভিড় জমালেন কিছু অভিভাবক তাদের মুখে অভিযোগের সুর

রিপন মেহেরপুর প্রতিদিনকে বলেন, হাইকোর্টের নির্দেশনা এখনো আমাদের হাতে পৌছায়নি। নির্দেশ পেলেই যথাযথ ব্যবস্থা নেওয়া হবে।

ঝিনাইদহে আনসার ভিডিপি’র উদ্যোগে খাদ্য সহায়তা

মুজিববর্ষ উপলক্ষ্যে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী’র মহাপরিচালক মেজর জেনারেল মিজানুর রহমান শামীম, বিপি, ওএসপি, এনডিসি, পিএসসি’র নির্দেশনায় দেশব্যাপী প্রতিটি উপজেলায় আনসার ভিডিপির অসচ্ছল সদস্য-সদস্যাদের মাঝে খাদ্য সহায়তার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এরই অংশ হিসেবে আজ সকাল সাড়ে ১০ টায় ঝিনাইদহ আনসার ও ভিডিপি কার্যালয়ে স্বাস্থ্যবিধি মেনে সামাজিক দুরত্ব বজায় রেখে সদর উপজেলার আনসার ভিডিপির সদস্য-সদস্যাদের মাছে খাদ্য সহায়তা প্রদান করা হয়। ঝিনাইদহের ০৬ উপজেলায় কর্মকর্তাদের মাধ্যমে অনুরূপ ৩০ জন পুরুষ ও ৩০ জন নারী সদস্য করে মোট ৩৬০ জন আনসার ভিডিপি সদস্য এই সহায়তা পাচ্ছেন।

ঝিনাইদহ জেলা কার্যালয়ে সদস্যদের হাতে খাদ্যের প্যাকেট তুলে দিয়ে কর্মসূচির উদ্বোধন করেন আনসার ভিডিপি’র উপপরিচালক ও ঝিনাইদহ জেলা কমান্ড্যান্ট মোঃ আশিকউজ্জামান। এসময় আরো উপস্থিত ছিলেন সদর উপজেলা আনসার ভিডিপি কর্মকতা মোঃ ফরহাদ, ট্রেনিং ইন্সট্রাক্টর সোনালী খাতুন, সাগর হোসেন ও রাষ্ট্রপতি পদকপ্রাপ্ত ভিডিপি সদস্য মিরাজ জামান রাজ সহ বাহিনীর বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা ও সদস্যবৃন্দ।

মেহেরপুরে ৬ জন করোনা আক্রান্ত

মেহেরপুরে নতুন করে ৬ জন করোনা আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্তদের মধ্যে সদর ২ জন, গাংনী ২ জন, মুজিবনগর ২ জন।

রবিবার রাতে মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ১০৭ টি। তারমধ্যে ৬ জন করোনা পজিটিভ।

এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ১৪০ জন। তার মধ্যে সদরে ৫৭ জন, গাংনীতে ৫৯ জন এবং মুজিবনগরে ২৪ জন। এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ১৭৭ জন ।

মৃতদের মধ্যে সদরে ৮২ জন, গাংনী ৫৬ জন ও মুজিবনগরে ৩৯ জন।

অসাম্প্রদায়িক রাষ্ট্র গড়ে তোলাই ছিল বঙ্গবন্ধুর লক্ষ্য-ফরহাদ হোসেন

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি বলেছেন, যারা কখনোই এদেশের স্বাধীনতা চায়নি, তারাই বঙ্গবন্ধুকে নির্মমভাবে হত্যা করেছে। তারা ৭৫—এর ১৫ আগস্টের পর এ দেশের মানুষের মন থেকে বঙ্গবন্ধু আর মুক্তিযুদ্ধের ইতিহাসকে মুছে ফেলতে চেয়েছিল। তারা বারবার ইতিহাস বিকৃতির চেষ্টা করেছে। বঙ্গবন্ধু একটি বৈষম্যহীন সমাজ গড়ে তুলতে চেয়েছিলেন। তিনি অর্থনৈতিক,সামাজিক—রাজনৈতিকসহ সব ক্ষেত্রে সমতা প্রতিষ্ঠার জন্য সংগ্রাম করে গেছেন।একটি অসাম্প্রদায়িক রাষ্ট্র গড়ে তোলাই ছিল বঙ্গবন্ধুর লক্ষ্য।

রবিবার দুপুরে মেহেরপুর সদর উপজেলার কামদেবপুর মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গনে জেলা প্রশাসন ও জেলা মৎস্য অফিসের আয়োজনে অনুষ্ঠিত

জাতীয় মৎস সপ্তাহ—২০২১ পুরস্কার বিতরণ ও মাছের পোনা অবমুক্তরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি।

জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, পুলিশ সুপার মোঃ রাফিউল আলম, জেলা মৎস্য কর্মকর্তা সাইফুদ্দিন ইয়াহিয়া, বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি হাসানুজ্জামান মালেক প্রমুখ।

এসময় সদর উপজেলার বিভিন্ন মৎস চাষীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। পরে কামদেবপুর মরাগাঙে মাছের পোনা ও ভৈরব নদের পাশ দিয়ে গাছের চারা রোপন করা হয়।

জাতীয় মৎস্য সপ্তাহের ২য় দিনে জলাশয়ে মাছ অবমুক্তকরন

বেশি বেশি মাছ চাষ করি বেকারত্ব দূর করি” এই প্রতিপাদ্যকে সামনে রেখে,
জাতীয় মৎস্য সপ্তাহ-২০২১ উপলক্ষে ২য় দিনে গুরুত্বপূর্ন জলাশয়ে মাছ অবমুক্তকরন করেছে উপজেলা মৎস্য অফিস।
রবিবার সকালে মুজিবনগর উপজেলার ভবেরপাড়া মিশন এতিমখানা পুকুরে এ সকল মাছের পোনা অবমুক্ত করা হয়।
এ সময় উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস,উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার,উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা,মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন,সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা(অঃদা)শহিদুল ইসলাম,উপজেলা মৎস্য সম্প্রসারন কর্মকর্তা নাজমুস সাকিব,ক্ষেত্র সহকারী আহসান হাবিব প্রমুখ উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গায় ১৮ জন করোনা আক্রান্ত

চুয়াডাঙ্গায় শনিবার আবারো করোনা আক্রান্ত হয়েছেন ১৮ জন। চুয়াডাঙ্গায় করোনায় কমেছে মৃত্যুহার। চুয়াডাঙ্গায় মোট ২০৬ জন মৃত্যুবরণ করেছে এরমধ্যে চুয়াডাঙ্গায় করোনায় মারা গেছেন ১৮৬ জন এবং জেলার বাইরে ২০ জন। গত ২৪ ঘন্টায় করোনা আক্রান্ত হয়ে মৃত্যু শুন্য থাকলেও শনিবার নতুন করে ১৮ জন করোনা আক্রান্ত হয়েছেন।

এই নিয়ে জেলায় মোট আক্রান্তের সংখ্যা দাঁড়াল ৬ হাজার ৬৯৪ জনে। চুয়াডাঙ্গা স্বাস্থ্য বিভাগ শনিবারে ৮৫ জনের নমুনা সংগ্রহ করেছে। এই নিয়ে জেলায় মোট নমুনা সংগ্রহ দাঁড়িয়েছে ২৬ হাজার ১৩৬ জন।

এ দিকে ১৪৩ জনের এর নমুনা পরীক্ষা রিপোর্ট পাওয়া গেছে এই নিয়ে জেলায় মোট ২৬ হাজার ৪৩৮ জনের নমুনা পরীক্ষা রিপোর্ট পাওয়া গেছে। এ সময় ১৮ জনের করোনা শনাক্ত হয়েছে এই নিয়ে জেলায় মোট করোনা আক্রান্তের সংখ্যা দাঁড়াল ৬ হাজার ৬৯৪ জনে।এ সময় সুস্থ হয়েছেন আরও ১০৭ জন । এ নিয়ে জেলায় মোট সুস্থ হলেন ৫ হাজার ৯৮৯ জন।

বর্তমানে সক্রিয় রোগীর মধ্যে হাসপাতালে রয়েছেন ২০ জন আর বাড়িতে আছেন ৪৭৯ জন। নতুন যে ১৮ জন করোনা শনাক্ত হয়েছেন তার মধ্যে চুয়াডাঙ্গা সদর উপজেলার ১০ জন আলমডাঙ্গায় ৫ জন দামুড়হুদার ২ জন এবং জীবননগরে ১ জন।

চুয়াডাঙ্গা সিভিল সার্জন ডা. এ এস এম মারুফ হাসান আরো বলেন, চুয়াডাঙ্গায় এ পর্যন্ত ৮৭ জন স্বাস্থ্যকর্মী করোনা আক্রান্ত হয়েছেন এর মধ্যে ৮৫ জন সুস্থ হয়েছেন। গত এক সপ্তাহে চুয়াডাঙ্গা করোনা আক্রান্ত রোগীর সংখ্যা শতকরা ১৩ শতাংশ।

[redacted]

[redacted]